

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, আগস্ট ১০, ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জননিরাপত্তা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
প্রজ্ঞাপন

তারিখ : ২০ শ্রাবণ, ১৪২৯ বঙ্গাব্দ/০৪ আগস্ট, ২০২২ খ্রিষ্টাব্দ

এস,আর,ও নং ২৬৯-আইন/২০২২।—Armed Police Battalions Ordinance,1979
(Ordinance No. XXV of 1979) এর section 14 এর sub-section (1) এ প্রদত্ত ক্ষমতাবলে
সরকার র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (ইউনিফর্মধারী সদস্যদের পোশাক ও সামগ্রীর প্রাধিকার)
বিধিমালা, ২০১২ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত বিধিমালার—

- (১) সর্বত্র উল্লিখিত “তফসিলে” এবং “তফসিলের” শব্দগুলির পরিবর্তে যথাক্রমে, “তফসিল
১-এ” এবং “তফসিল ১ এর” শব্দগুলি ও সংখ্যা প্রতিস্থাপিত হইবে;
- (২) বিধি ২ এর উপ-বিধি (২) এর পর নিম্নরূপ উপ-বিধি (৩) সংযোজিত হইবে, যথা:—
“(৩) উপ-বিধি (১) এ যাহা কিছুই থাকুক না কেন, র‍্যাব এয়ার উইং-এ কর্মরত পাইলট
এবং ইঞ্জিনিয়ারগণ তফসিল ২-এ বর্ণিত পোশাক ও সামগ্রী উক্ত তফসিলে বর্ণিত
আয়ুষ্কালের বিপরীতে প্রাধিকার হিসাবে প্রাপ্য হবেন।”; এবং
- (৩) বিদ্যমান “তফসিল” “তফসিল ১” হিসাবে পুনঃসংখ্যায়িত হইবে এবং অতঃপর উক্তরূপ
পুনঃসংখ্যায়িত তফসিল ১ এর পর নিম্নরূপ তফসিল ২ সংযোজিত হইবে, যথা:—

(১৪১৫৫)

মূল্য : টাকা ৪.০০

“তফসিল ২
[বিধি ২(৩) দ্রষ্টব্য]

র‍্যা‍ব এয়ার উইং-এ কর্মরত পাইলট এবং ইঞ্জিনিয়ারগণের পোশাক ও সামগ্রী

ক্রমিক নং	পোশাক বা সামগ্রীর নাম	প্রাধিকার	আয়ুষ্কাল
(১)	(২)	(৩)	(৪)
(১)	ফ্লাইং কাভারওল	২টি	১২ মাস
(২)	ফ্লাইং জ্যাকেট	১টি	২৪ মাস
(৩)	ফ্লাইং ক্যাপ	২টি	১২ মাস
(৪)	ফ্লাইং বুট	২ জোড়া	১২ মাস
(৫)	ফ্লাইং সানগ্লাস	১টি	২৪ মাস
(৬)	ফ্লাইং হ্যান্ড গ্লোভস	২ জোড়া	১২ মাস
(৭)	এভিয়েটর রিষ্ট ওয়াচ	১টি	৩৬ মাস
(৮)	ল্যাগেজ (৩৫ সেগমিঃ × ৪২ সেগমিঃ × ২৫ সেগমিঃ)	১টি	৩৬ মাস

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আখতার হোসেন
সিনিয়র সচিব।